# ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বোর্ডসভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| তারিখ | ঃ | ০১ জুন, ২০১৫ |
| সময় | ঃ | সকাল ১০-০০ টা |
| স্থান | ঃ | সভাকক্ষ, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। |
| সভাপতি | ঃ | ব্রিগেডিয়ার জেনারেল মোঃ নুরুল মোমেন খান, এনডিসি, পিএসসি<br>প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড ও স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস। |

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট-'ক'-এ উপস্থাপন করা হলো।

সভার শুরুতেই উপস্থিত সদস্যগণকে স্বাগত জানানো হয় এবং আলোচ্যসূচীর উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নেবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয় ঃ-

আলোচ্যসূচী-১ঃ ০৬ মে, ২০১৫ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়করণ।

গৃহীত সিদ্ধান্ত ঃ গত ০৬ মে, ২০১৫ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার সিদ্ধান্তসমূহ সম্মানিত গ্রুপ ক্যাপ্টেন মোঃ মঞ্জুর কবীর ভূইয়া, এএফডব্লিউসি, পিএসসি, অধিনায়ক, বিএএফ বেস বাশার, ঢাকা সেনানিবাস দৃঢ়ীকরণের প্রস্তাব করেন এবং সম্মানিত সদস্য জনাব হেলাল উদ্দিন আহ্‌মেদ তা সমর্থন করলে বিগত সভার কার্যবিবরণী পর্যালোচনান্তে নিশ্চিতকরণ করা হলো।

আলোচ্যসূচী-২ঃ এপ্রিল ২০১৫ মাসের রাজস্ব আদায়/বকেয়ার হালনাগাদ তথ্যাদি অবলোকন।

গৃহীত সিদ্ধান্ত ঃ এপ্রিল, ২০১৫ মাসে গৃহকর বাবদ ৯,৭৯,৪৫৯.০০ টাকা এবং দোকান ভাড়া বাবদ ১৪১৬৭১১.০০ টাকা আদায় হয়েছে। এপ্রিল, ২০১৫ পর্যন্ত এ বছরের ক্রমপুঞ্জীভূত আদায় ৭,৭১,০৪,২৮৮.০০ টাকা যা মোট দাবীর ৮৯.৯৯%। রাজস্ব আদায়ের বিষয়ে সভায় সন্তোষ প্রকাশ করা হয়।

আলোচ্যসূচী-৩ঃ এপ্রিল, ২০১৫ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, এপ্রিল, ২০১৫ মাসে স্থানীয় আয়ের উৎস হতে বোর্ডের মোট ১,৩১,৩৭,৩৯৮.৯৫ টাকা আয় হয়েছে। অনৈমিত্তিক আয় ও প্রারম্ভিক জেরসহ সর্বমোট আয় ৩,৩১,৮৩,৯৩৩.৯৫ টাকা। এপ্রিল, ২০১৫ মাসে সর্বমোট ব্যয় ৩,২২,২৭,১৪৪.০০ টাকা। হিসাব বিবরণী চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-৪ঃ মে, ২০১৫ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন।

গৃহীত সিদ্ধান্ত ঃ মে, ২০১৫ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন করা হলো।

আলোচ্যসূচী-৫ঃ মে, ২০১৫ মাসে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে জন্ম নিবন্ধন প্রতিবেদন অবলোকন।

গৃহীত সিদ্ধান্ত ঃ মে, ২০১৫ মাসে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে জন্ম নিবন্ধন প্রতিবেদন অবলোকন করা হলো।

আলোচ্যসূচী-৬ঃ ২০১৪-২০১৫ আর্থিক সালের সংশোধিত বাজেট অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বাজেট পর্যালোচনা ও অনুমোদনের জন্য একটি আলাদা সভা আহ্বানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৭ঃ ২০১৫-২০১৬ আর্থিক সালের প্রস্তাবিত বাজেট অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বাজেট পর্যালোচনা ও অনুমোদনের জন্য একটি আলাদা সভা আহ্বানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৮ঃ স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসের ২৭ মে, ২০১৫ তারিখের ৬০৪/১/এ নং পত্রের মাধ্যমে প্রেরিত নিম্নবর্ণিত আলোচ্যসূচীর বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

১. ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকার বাসাবাড়ীর পরিসংখ্যান ও বরাদ্দ নীতিমালা।
২. ফেব্রুয়ারি, ২০১৪ হতে এপ্রিল, ২০১৫ পর্যন্ত গৃহীত বোর্ড মিটিং এর সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি।
৩. ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকার সাংগঠনিক কাঠামো (TO&E) উপস্থাপন।
৪. মালি নিয়োগ।
৫. শহীদ সরণি রাস্তার দু'পাশ ল্যান্ডস্কেপিং।
৬. ৩২ ক্যান্ট বাজার এলাকার মাঠ উন্নয়ন।
৭. রজনীগন্ধা সুপার মার্কেট (কচুক্ষেত বাজার) মাঠ সমতলকরণ ও অবৈধ দখলদার উচ্ছেদ।
৮. শিশু পার্ক খেলা (আশালতা, রজনীগন্ধা অফিসার্স আবাসিক এলাকা, মোস্তফা কামাল লাইন, জিয়া কলোনী ও ইউসুফ রোড) স্থাপন ও মেরামত।
৯. প্রতিটি ময়লার গাড়ীর গত ০১ বছরের রক্ষণাবেক্ষণ ব্যয় বিবরণী।
১০. ক্যান্টনমেন্ট বোর্ডের সকল গাড়ীর ব্যবহার নীতিমালা এবং গাড়ীর পরিসংখ্যান।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে উপরোল্লিখিত পয়েন্টসমূহের বিষয়ে নিম্নেবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হলো ঃ-

১. ক্যান্টনমেন্ট বোর্ড ও বোর্ড পরিচালিত বিভিন্ন প্রতিষ্ঠানের বিদ্যমান জনবলের ক্যাটাগরির বিপরীতে ১৮০টি স্টাফ কোয়ার্টারের ক্যাটাগরি নির্ধারণ, জ্যেষ্ঠতা ও পয়েন্ট এর ভিত্তিতে বাসা বরাদ্দের একটি সুনির্দিষ্ট প্রস্তাব আগামী বোর্ডসভায় উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হলো।

২. ফেব্রুয়ারি, ২০১৪ হতে এপ্রিল, ২০১৫ পর্যন্ত সময়ে অনুষ্ঠিত বোর্ডসভার সিদ্ধান্তের উপর গৃহীত কার্যক্রমের প্রতিবেদন প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড বরাবর উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হলো এবং এ বিষয়ে একটি সাব কমিটি সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনাসহ কোন সিদ্ধান্ত বাস্তবায়নে কোন অসুবিধা থাকলে তা সমাধানের প্রস্তাব করবেন।

৩. সভায় উপস্থাপিত ক্যান্টনমেন্ট বোর্ডের জনবল ও সাংগঠনিক কাঠামো পর্যালোচনান্তে তা আরো সময়োপযুগী ও যুক্তিযুক্ত প্রস্তাবনা প্রস্তুতের জন্য নিম্নবর্ণিতভাবে একটি কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হলো ঃ-

| | | | |
|---|---|---|---|
| (ক) | লেঃ কর্ণেল মোঃ আনোয়ার হোসেন, পিএসসি | -- | সভাপতি |
| (খ) | মেজর মোঃ মুর্শেদুর রহমান ইসহাক | -- | সদস্য |
| (গ) | জনাব মোঃ আলম খান, নির্বাহী প্রকৌশলী, ক্যান্টঃ বোর্ড | -- | সদস্য |

৪. ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের মালির ০৩(তিন)টি শূন্য পদে বিধি মোতাবেক মালি নিয়োগের সিদ্ধান্ত গৃহীত হলো। শূন্য পদের বিপরীতে লোক নিয়োগের ছাড়পত্রের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণেরসিদ্ধান্ত গৃহীত হলো।

৫. শহীদ জাহাঙ্গীর গেইট হতে বিএএফ বেস বঙ্গবন্ধু পর্যন্ত রাস্তার দুই পার্শ্বে যেখানে প্রযোজ্য ভিতরমুখী ঢাল রেখে বালি ভরাট করে ল্যান্ড স্কেপিং করার সিদ্ধান্ত গৃহীত হলো। এক্ষেত্রে পূর্ণাঙ্গ মূল্যানুমান প্রস্তুত করার জন্য নির্বাহী প্রকৌশলীকে নির্দেশ প্রদান করা হলো।

৬. আগামী ০৭ জুন, ২০১৫ তারিখের মধ্যে অবৈধ দখলমুক্ত করে দ্রুত মাঠ নির্মাণের কাজ শুরু করতে হবে। শীঘ্রই প্রয়োজনীয় ফান্ড/বাজেট সংকুলান করা হবে।

৭. রজনীগন্ধা সুপার মার্কেটের উত্তর পার্শ্বে অবৈধ দখলদারদের অনতিবিলম্বে উচ্ছেদের সিদ্ধান্ত গৃহীত হলো।

৮. ঢাকা সেনানিবাসের বিভিন্ন শিশু পার্কের ভাঙ্গা ও পুরাতন খেলনা সামগ্রী প্রয়োজনীয় মেরামত ও রংকরণসহ প্রযোজ্য ক্ষেত্রে নতুন খেলনা সামগ্রী স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হলো। মূল্যানুমান প্রস্তুত করে চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

৯. ময়লা সংগ্রহে নিয়োজিত ট্রাকগুলোর লগ বহি এবং ট্রিপ শিট সঠিকভাবে এন্ট্রিকরণসহ প্রতি মাসের বোর্ডসভায় উপস্থাপন করতে হবে। এছাড়াও পুরাতন ট্রাকগুলো প্রযোজ্য ক্ষেত্রে মেরামত অথবা বিক্রি করে নতুন ট্রাক ক্রয়ের কার্যক্রম গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

১০. ক্যান্টনমেন্ট বোর্ডের পুলে থাকা গাড়ীগুলোর মধ্যে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে ব্যবহৃত গাড়ী ২টি হস্তান্তর এবং হাসপাতালের গাড়ীগুলো হাসপাতালে হস্তান্তরের সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত গাড়ীগুলোর জ্বালানী ও রক্ষণাবেক্ষণ ব্যয় সংশ্লিষ্ট প্রতিষ্ঠান নিজ দায়িত্বে ও ব্যয়ে সম্পাদন করবে। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হোক। এছাড়াও ক্যান্টনমেন্ট বোর্ডে ব্যবহৃত গাড়ীগুলোর ট্রিপ শিট, লগ বহি, জ্বালানী ও রক্ষণাবেক্ষণ খরচ প্রতি মাসের বোর্ডসভায় উপস্থাপন করতে হবে।

আলোচ্যসূচী-৯ঃ খেতাব প্রাপ্ত মুক্তিযোদ্ধা হিসেবে বারিধারা ডিওএইচএস এলাকার ৩৯৩ নং প্লটে নির্মিত বাড়ীর গৃহকর মওকুফের জন্য উক্ত বাড়ীর মালিক লেঃ কর্ণেল (অবঃ) মোহাম্মদ নজরুল ইসলাম, বীর-প্রতিক, পিএসসি, এমপি এর ২০ এপ্রিল, ২০১৫ তারিখের ডিওএইচএস/৩৯৩ নং পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ খেতাব প্রাপ্ত মুক্তিযোদ্ধা হিসেবে বারিধারা ডিওএইচএস এলাকার ৩৯৩ নং প্লটে নির্মিত বাড়ীর শুধু মাত্র লেঃ কর্ণেল (অবঃ) মোহাম্মদ নজরুল ইসলাম, বীর-প্রতিক, পিএসসি, এমপি এর অংশের গৃহকর মওকুফের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১০ঃ খেতাব প্রাপ্ত মুক্তিযোদ্ধা হিসেবে বারিধারা ডিওএইচএস এলাকার ৩৬৫/১০ নং প্লটে নির্মিত বাড়ীর ৬ষ্ঠ তলার দক্ষিণ পার্শ্বের গৃহকর মওকুফের জন্য উক্ত ফ্ল্যাটের মালিক কর্ণেল (অবঃ) মোহাম্মদ আব্দুস সালাম, বীর-প্রতিক এর ১৫ মে, ২০১৫ তারিখের আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ খেতাব প্রাপ্ত মুক্তিযোদ্ধা হিসেবে বারিধারা ডিওএইচএস এলাকার ৩৬৫/১০ নং প্লটে নির্মিত বাড়ীর শুধু মাত্র কর্ণেল (অবঃ) মোহাম্মদ আব্দুস সালাম, বীর-প্রতিক মালিকানাধীন ৬ষ্ঠ তলার দক্ষিণ পার্শ্বের গৃহকর মওকুফের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১১ঃ রজনীগন্ধা টাওয়ার এর ৫ম তলা ল্যাব-২ ইজারা গ্রহীতাকে হস্তান্তর/দখল বুঝিয়ে দেয়ার জন্য আলোক হেলথ কেয়ার লিঃ এর ১৯ মে, ২০১৫ তারিখের আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, রজনীগন্ধা টাওয়ার এর ৫ম তলার ৩৬১.৬২ বর্গফুট বিশিষ্ট ল্যাবরেটরী-০২ নং স্পেসটি আলোক হেলথ কেয়ার লিঃ ১৫/১/২০১৫ তারিখে ইজারা ডাকে সর্বোচ্চ ৫০,২৫,৩৭১/৪১ টাকা দর দাখিল করেন। প্রদত্ত দরটি ০৫ ফেব্রুয়ারি ২০১৫ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার ১০ নং আলোচ্যসূচীতে অনুমোদিত হয়। পরবর্তীতে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর কর্তৃক ৩০/৩/২০১৫ তারিখে ৭/এমএলএন্ডসি /ঢাকা /৪৭৭-৩/শা-৩/১৩৩ নং পত্রে চুড়ান্ত অনুমোদন প্রদান করে। তৎপ্রেক্ষিতে অত্র দপ্তরের ২০/৪/২০১৫ তারিখের ঢাক্যাবো/রঃগঃসুঃমাঃ/রঃটাঃ/৫ম তলা-ল্যাব-২/০৮ নং পত্রে উক্ত দোকানের ১ম কিস্তির ৬,৪৬,৪৪১/-টাকা ১৪/৫/২০১৫ তারিখের মধ্যে পরিশোধ করার জন্য বলা হলে আলোক হেলথ কেয়ার লিঃ ১৪/৫/২০১৫ তারিখে নিয়ম মাফিক কিস্তির টাকা পরিশোধ করেন। বিস্তারিত আলোচনান্তে পরবর্তী দুইটি কিস্তি অগ্রিম পরিশোধ সাপেক্ষে ল্যাবের পজেশন হস্তান্তর করার সিদ্ধান্ত গৃহীত হলো এবং পজেশন হস্তান্তরের তারিখ হতে নিয়ম মোতাবেক ভাড়া/বিল পরিশোধ করতে হবে। তবে ভবিষ্যতে কোন কিস্তি পরিশোধে ব্যর্থ হলে শর্তানুযায়ী জরিমানা দিতে হবে। ইজারার সমুদয় অর্থ পরিশোধের পর লীজ চুক্তি সম্পাদিত হবে।

আলোচ্যসূচী-১২ঃ রজনীগন্ধা সুপার মার্কেটের পার্ক-২০ নং দোকান ভেঙ্গে রাস্তা করার বিষয়ে দোকান মালিক ও সংশ্লিষ্ট বাড়ীর মালিক মেজর (অবঃ) আব্দুস সাত্তার এর আবেদন/আপত্তির বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে রজনীগন্ধা সুপার মার্কেটের পার্ক-২০ নং দোকানের ইজারা গ্রহীতাকে নোটিশ প্রাপ্তির ০৭(সাত) দিনের মধ্যে নিম্নোক্ত কমিটির নিকট হাজির হবার পত্র দিতে হবে। উক্ত কমিটি কর্তৃক শুনানী গ্রহণ করে একটি প্রতিবেদন দাখিল করার সিদ্ধান্ত গৃহীত হলো ঃ-

| | | | |
|---|---|---|---|
| (ক) | কর্ণেল মোস্তাফিজুর রহমান<br>সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাস। | -- | সভাপতি |
| (খ) | কর্ণেল (অবঃ) মোঃ শহীদুল হক<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | -- | সদস্য |

ইজারা গ্রহীতাকে ০৭(সাত) দিনের মধ্যে স্বশরীরে হাজির হয়ে এ বিষয়ে তার বক্তব্য প্রদানের জন্য দেয়ার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১৩ঃ রজনীগন্ধা সুপার মার্কেটের ৩০ বছর মেয়াদী পাকা ব্লকের মেয়াদোত্তীর্ণ ১৪টি দোকান পুনঃবরাদ্দের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে বাৎসরিক ৩০,০০০/- টাকা সালামীতে উল্লেখিত ১৪টি দোকান ২ বছরের জন্য পুনঃ বরাদ্দের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১৪ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬৭/এ নং প্লটে নির্মাণাধীন বাড়ীর নির্মাণ কাজ সমাপ্তকরণসহ ফ্ল্যাট রেজিস্ট্রেশন প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে প্লটের মালিককে ইজারা প্রদানের বিষয়ে এবং ইজারা কোন শর্ত তিনি লঙ্ঘন করেছেন কি না তা যাচই করে কার্যক্রম গ্রহণের বিষয়ে সুপারিশ প্রণয়নের জন্য নিম্নবর্ণিতভাবে একটি কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হলো ঃ-

| | | | |
|---|---|---|---|
| (ক) | কর্ণেল মোস্তাফিজুর রহমান<br>সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাস। | -- | সভাপতি |
| (খ) | কর্ণেল (অবঃ) মোঃ শহীদুল হক<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | -- | সদস্য |
| (গ) | আইন উপদেষ্টা<br>ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | -- | সদস্য |

আলোচ্যসূচী-১৫ঃ বারিধারা ডিওএইচএস এর ৪৪৮/এ নং বাড়ীর গৃহকর মুক্তিযোদ্ধা হিসেবে মওকুফের বিষয়ে উক্ত বাড়ীর মালিক মেজর (অবঃ) কামরুল হাসান ভূঁইয়া এর ১৮ মে, ২০১৫ তারিখের আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে বারিধারা ডিওএইচএস এর ৪৪৮/এ নং বাড়ীর মুক্তিযোদ্ধা হিসেবে মেজর (অবঃ) কামরুল হাসান ভূঁইয়া এর মালিকানাধীন অংশের গৃহকর মওকুফের সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-১৬ঃ রজনীগন্ধা সুপার মার্কেটে নিজ খরচে দোকান করার জন্য স্থান বরাদ্দের আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টি পরবর্তী বোর্ডসভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১৭ঃ ঢাকা সেনানিবাসস্থ ডিওএইচএস বনানী, মহাখালী, বারিধারা, মিরপুর ও সেনানিবাস বর্ধিত এলাকায় বাড়ী নির্মাণের নিমিত্তে নিম্নোক্ত নকশাসমূহ অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্র/নং | প্লট মালিকের নাম | প্লট নম্বর | ঠিকানা | এমইও'র ছাড়পত্রের তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১। | এ কে এম শামসুল আলম | ১৩২/এ | মিরপুর ডিওএইচএস | | সংশোধিত ০৭ তলা (০৬ তলার উপর ৭ম তলা) |
| ২। | (ক) মেজর জেনাঃ মোঃ শরীফ উদ্দিন (অবঃ)<br>(খ) লেঃ কর্ণেল মোঃ লুৎফুল হক (অবঃ) | ১১৪<br>১১৫ | মিরপুর ডিওএইচএস | | যৌথভাবে সংশোধিত ০৭ তলা (০৬ তলার উপর ৭ম তলা) |
| ৩। | জনাব আব্দুল জলিল, এফসি(আর্মি) | ৪৯০ | মিরপুর ডিওএইচএস | | নতুন ০৭ তলা ভবন |
| ৪। | ক্যাপ্টেন আবু হোসেন মোহাম্মদ মোহসিনুল হাবিব, পিএসসি, বিএন (অবঃ) | ৬২৫ | মিরপুর ডিওএইচএস | | নতুন ০৭ তলা ভবন |
| ৫। | উইং কমান্ডার মোঃ মতিউর রহমান (অবঃ) | ৮৫৬ | মিরপুর ডিওএইচএস | | নতুন ০৭ তলা ভবন |
| ৬। | (ক) ব্রিগেঃ জেনাঃ মোঃ শাহ আলম চৌধুরী, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি<br>(খ) কর্ণেল মোঃ ইশতিয়াক আলী, এএফডব্লিউসি, পিএসসি | ৯০৮<br>৯০৭ | মিরপুর ডিওএইচএস | | যৌথভাবে নতুন ০৭ তলা ভবন |
| ৭। | মেজর জেনাঃ মোঃ আব্দুস সালাম খান, এএফডব্লিউসি, পিএসসি | ১০২১ | মিরপুর ডিওএইচএস | | নতুন ০৭ তলা ভবন |
| ৮। | মেজর (অবঃ) নেসার উদ্দিন আহমদ | ১১৩৯ | মিরপুর ডিওএইচএস | | নতুন ০৭ তলা ভবন |
| ৯। | জনাব মোঃ এরশাদউজ্জামান তপাদার | ১১৮০ | মিরপুর ডিওএইচএস | | নতুন ০৭ তলা ভবন |
| ১০। | ব্রিগেঃ জেনাঃ (অবঃ) মাহমুদ উল আলম | ১২০২ | মিরপুর ডিওএইচএস | | নতুন ০৭ তলা ভবন |
| ১১। | ব্রিগেঃ জেনাঃ রেজওয়ানুল হক চৌধুরী,এসপিপি, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি | ১২৪০ | মিরপুর ডিওএইচএস | | সংশোধিত ০৭ তলা (আভ্যন্তরীন পরিবর্তন) |
| ১২। | (ক) কোহিনুর হোসেন<br>স্বামী-শহীদ মেজর কাজী মোছাদ্দেক হোসেন, আর্টিলারী<br>(খ) কাজী নাজিফা তাবাসসুম<br>(গ) কাজী নাজিয়া তাবাসসুম<br>পিতা- শহীদ মেজর কাজী মোছাদ্দেক হোসেন, আর্টিলারী | ১২৯৯ | মিরপুর ডিওএইচএস | | নতুন ০৭ তলা ভবন |
| ১৩। | লেঃ কর্ণেল (অবঃ) মোঃ আব্দুল খালেক, এএমসি | ১৩১৩ | মিরপুর ডিওএইচএস | | নতুন ০৭ তলা ভবন |
| ১৪। | কর্ণেল সৈয়দ রায়হানুল হক (অবঃ) | ১৩২১ | মিরপুর ডিওএইচএস | | নতুন ০৭ তলা ভবন |
| ১৫। | কমান্ডার মোঃ মোস্তাক আহমদ (সি),পিএসসি | ১৩৫২ | মিরপুর ডিওএইচএস | | নতুন ০৭ তলা ভবন |
| ১৬। | (ক) লায়লা রহমান নিগার<br>স্বামী-মরহুম ব্রিগেঃ জেনাঃ (অবঃ) জিল্লুর রহমান<br>(খ) পারসা সানজানা<br>(গ) মোহাম্মদ জাহিন রহমান<br>(ঘ) রাইসা সানজানা রহমান<br>(ঙ) সর্বপিতা- মরহুম ব্রিগেঃ জেনাঃ (অবঃ) জিল্লুর রহমান | ৪০৬ | বারিধারা ডিওএইচএস | | সংশোধিত ০৬ তলা (আভ্যন্তরীন পরিবর্তন) |
| ১৭। | (ক) সাবিনা আক্তার<br>(খ) সালেহা আক্তার<br>(গ) শারমিন আক্তার<br>পিতা-মৃত লেঃ কর্ণেল এ বি এম আব্দুস সামাদ | ৪৭২ | বারিধারা ডিওএইচএস | | সংশোধিত ০৬ তলা (৫ম তলার উপর ৬ষ্ঠ তলা) |
| ১৮। | জনাব সামসুজ্জামান আহমেদ | বি/১১১ | মহাখালী ডিওএইচএস | | সংশোধিত ০৭ তলা (০৬ তলার উপর ৭ম তলা) |

গৃহীত সিদ্ধান্ত ঃ নকশাগুলো অত্র দপ্তরের প্রকৌশলী কর্তৃক যাচাই করা হয়েছে। ক্যান্টনমেন্ট বিল্ডিং বাই-লজ অনুযায়ী Set back ঠিক আছে। স্ট্রাকচারাল ডিজাইনের ব্যাপারে ডিজাইন ইঞ্জিনিয়ার প্রত্যয়ন দিয়েছেন। বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হলো ঃ-

(ক) Land point of view-তে ডিওএইচএস এলাকার জন্য এমইও, কেন্দ্রীয় সার্কেল এবং অন্যান্য ক্ষেত্রে বোর্ডের রাজস্ব শাখার ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে ক্রমিক নং-৩, ৪, ৫, ৬, ৭, ৮, ৯, ১০, ১১, ১২, ১৩, ১৪, ১৫ ও ১৬ এ বর্ণিত ১৪টি প্লটে ০৬(ছয়)/০৭(সাত) তলা নতুন/সংশোধিত ভবন নির্মাণ/আভ্যন্তরীন পরিবর্তনের নকশা অনুমোদন করা হলো।

(খ) ক্রমিক নং-১, ২, ১৭ ও ১৮ এ বর্ণিত ৪টি প্লটে ভার্টিক্যাল এক্সটেনশনের নকশা এমআইএসটি কর্তৃক কারিগরী ভেটিং সাপেক্ষে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। এমআইএসটি কর্তৃক কারিগরী ভেটিং বাবদ যাবতীয় খরচ সংশ্লিষ্ট প্লট মালিককে বহন করতে হবে।

উল্লেখ্য যে, প্রযোজ্য সকল ক্ষেত্রে যথারীতি রাস্তার ক্ষতিপূরণ পরিশোধ করতে হবে এবং নির্মাণকারী প্রতিষ্ঠান কর্তৃক বাড়ী নির্মিত হলে ক্যান্টনমেন্ট বোর্ডের তালিকাভুক্তিসহ জামানতের টাকা পরিশোধ করতে হবে। প্লট মালিক কর্তৃক বাড়ী নির্মাণের ক্ষেত্রে তিনি এ মর্মে অঙ্গীকারনামা দিবেন যে, তাঁর প্লটে কোন নির্মাণকারী প্রতিষ্ঠান চুক্তিবদ্ধ হয়ে কাজ করছেন মর্মে প্রমাণিত হলে সকল প্রকার ক্ষতিপূরণ তিনি দিতে বাধ্য থাকবেন এবং ক্যান্টনমেন্ট বোর্ড প্রয়োজনীয় ক্ষতিপূরণ না পেলে অনুমোদিত নকশা স্থগিতসহ প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করলে তিনি তা মেনে নিতে বাধ্য থাকবেন।

আলোচ্যসূচী-১৮ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের মূল্যানুমান অনুমোদন প্রসংগে ঃ-

| ক্রমিক নং | কাজের নাম | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০১২ অনুযায়ী (টাকা) | ব্যয়ের খাত |
|---|---|---|---|
| ১। | রজনীগন্ধা সুপার মার্কেট জামে মসজিদের জন্য সিলিং পাখা সরবরাহ ও স্থাপন কাজ। | ৩৫,০০০/- | বোর্ডের স্থানীয় আয় |
| ২। | ঢাকা সেনানিবাস এলাকায় ২০ বীর আরপি চেকপোষ্ট হতে ১৩ এমপি চেকপোষ্ট (ক্যাপ্টেন'স বেকারী সংলগ্ন) পর্যন্ত নতুন সড়কের পার্শ্বে নিরাপত্তা বাতির পোল অপসারণ ও পুনঃস্থাপন কাজ। | ৩,২৩,৭০৮/- | বোর্ডের স্থানীয় আয় |
| ৩। | মিরপুর ডিওএইচএস এর জলাবদ্ধতা দূরীকরণের জন্য পিট ও আউটলেট নির্মাণ কাজ (প্লট নং-৬২৯, ২২৮, ২৩০ এর সামনে)। | ১,০৬,৮৫৩/- | সংশ্লিষ্ট ডিওএইচএস বিবিধ তহবিল |
| ৪। | রজনীগন্ধা সুপার মার্কেটের মাঠ সমতলকরণ কাজে বিদ্যমান কাঁচা ড্রেনকে পাকাকরণ। | ৩,১২,৮৯২/- | রজনীগন্ধা সুপার মার্কেটের মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| ৫। | আশালতা, রজনীগন্ধা, শহীদ মোস্তফা কামাল লাইন ও নির্ঝর আবাসিক এলাকার বিভিন্ন খেলনা সামগ্রী অপসারণ ও পুনঃস্থাপন। | ২,৩৭,০০০/- | জনসাধারণের উন্নয়নমূলক খাত |

গৃহীত সিদ্ধান্ত ঃ উপরোল্লিখিত মূল্যানুমানসমূহ অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। মূল্যানুমানসমূহ অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হোক। ভবিষ্যতে মূল্যানুমানসমূহ প্রকৌশল শাখা কর্তৃক বোর্ডসভায় উপস্থাপনের পূর্বে নিম্নবর্ণিত কমিটির নিকট উপস্থাপন করতে হবেঃ-

(ক) অধিনায়ক, বা নৌ জা হাজী মহসিন, ঢাকা সেনানিবাস। -- সভাপতি

(খ) নির্বাহী প্রকৌশলী, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। -- সদস্য

আলোচ্যসূচী-১৯ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের Responsive Tender অনুমোদন প্রসংগে ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | অনুমোদিত মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস ২০১২ মোতাবেক (টাকা) | Responsive Tenderer | উদ্ধৃত দর (টাকা) | ব্যয়ের খাত |
|---|---|---|---|---|---|
| ১। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৫২/এ-১৪ নং স্টাফ কোয়ার্টারের মেরামত ও রংচুনাকরণ কাজ। | ৪৩৭৮৯/- | মেসার্স জুই এন্টারপ্রাইজ | ৪৫,৭৫৯/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| ২। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার স্টাফ কোয়ার্টার নং ১/সি (২য় তলা পশ্চিম পার্শ্ব) এবং ৯৭ (২য় ও ৪র্থ তলা উত্তর পার্শ্ব) এর মেরামত ও সংস্কার কাজ। | ৫৭,৫৩০/- | মেসার্স সাকিব এন্টারপ্রাইজ | ৬০,৩৬০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| ৩। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার স্টাফ কোয়ার্টার নং ৪৮/এ (ভবন-০১) এর ৪র্থ তলার দক্ষিণ পার্শ্বের ৭ নং ফ্ল্যাটের মেরামত ও রংচুনাকরণ কাজ। | ৯৩,৩৭৫/- | মেসার্স জুই এন্টারপ্রাইজ | ৯৭,৫৭৬/৮৭ | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| ৪। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার স্টাফ কোয়ার্টার নং ৫২/এ (উত্তর পূর্ব কর্ণার) এর মেরামত ও রং চুনার কাজ। | ৫১,১৬৮/- | মেসার্স এমএইচ এন্টারপ্রাইজ | ৫৩,৬৬৪/৯৯ | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| ৫। | বারিধারা ডিওএইচএস এলাকার রোড নং ১০(পশ্চিম) বাড়ি নং ৫১৭/২ ও ৫১৬/২ এর সামনে ভেঙ্গে যাওয়া পাইপ পরিবর্তন করে পুনঃ স্থাপন ও খননকৃত রাস্তা কার্পেটিংসহ ম্যানহোল মেরামতকরণ কাজ। | ৫৫,৮১২/- | মেসার্স মাসুম ইঞ্জিনিয়ারিং | ৫৮,৪৯১/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| ৬। | বারিধারা ডিওএইচএস এলাকার রোড নং ০২(পূর্ব) বাড়ি নং ২১৭ এর সামনে ভেঙ্গে যাওয়া পাইপ পরিবর্তন করে পুনঃ স্থাপন ও খননকৃত রাস্তা কার্পেটিংসহ ম্যানহোল মেরামতকরণ কাজ। | ৩৯,৩১৪/- | মেসার্স মাসুম ইঞ্জিনিয়ারিং | ৪১,১৮১/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| ৭। | শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজের পশ্চিম পার্শ্বের ব্লকে দ্বিতীয় তলার উপর ৩য় তলা নির্মাণ কাজ। | ৪৫,৭১,০৭৪/- | মেসার্স এম এ ওয়াহেদ | ৫৪,৮১,৪৭৮/৬৭ | অনুদান |
| ৮। | রজনীগন্ধা সুপার মার্কেটের মাছ এবং সবজি বাজারের সংস্কার ও মেরামত কাজ। | ১,৯৩,৬৩৮/- | মেসার্স আইন এন্ড আম্বরিন ট্রেডার্স | ২,০৩,০২৯/৪৪ | বাজারের মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| ৯। | মহাখালী ডিওএইচএস লেকের চারদিকে আন্ডারগ্রাউন্ড ক্যাবল এবং বিশেষ ধরণের পোল স্থাপনসহ এলইডি লাইট স্থাপন কাজ। | ৭৩,৫৭,০১৮/- | কনফিডেন্স কনসালটেন্ট এন্ড কনস্ট্রাকশন | ৭৭,০৬,৪৭৬/৩৫ | বোর্ড তহবিল/ সংশ্লিষ্ট ডিওএইচএস বিবিধ তহবিল |
| ১০। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ০১ নং রোডের ০৪ নং পানির পাম্পের পানির লেয়ার নিচে নেমে যাওয়ায় ১৫০ মিমি ডায়া কলাম পাইপ সংযুক্তকরণ এবং মেরিন ক্যাবল বর্ধিতকরণ কাজ। | ২,৩৪,২৩০/- | বিল্লাল বোরিং এন্ড ইঞ্জিঃ ওয়ার্কস | ২,৩৪,২৩০/- | সংস্কার ও মেরামত (পানি) |
| ১১। | ঢাকা সেনানিবাসের ক্যান্ট বাজার এলাকার ৮ নং রোড সংলগ্ন তিনকোনা শিশুপার্ক এর উন্নয়ন কাজ। | ৭,০৪,৩৭৭/- | মেসার্স তাহের এন্টারপ্রাইজ | ৭,৩৮,১৮৭/০৯ | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| ১২। | জিয়া কলোনী শিশু পার্কের গ্রীল মেরামত ও রংকরণ কাজ। | ৯৯,৯০৬/- | মেসার্স মাসুম ইঞ্জিনিয়ারিং | ১,০৪,৬৯৯/- | জনসাধারণের উন্নয়নমূলক খাত |
| ১৩। | বনানী সামরিক কবরস্থানে মাটি ভরাটসহ পানি নিষ্কাশনের জন্য পাইপ লাইন নির্মাণ কাজ। | ২৯,৮৫,৭৮৪/- | এম আর ট্রেড লিংক | ৩৪,৩৩,৬৪৬/- | বোর্ডের স্থানীয় আয়/আর্মি ওয়েলফেয়ার ট্রাষ্টের অনুদান |
| ১৪। | মহাখালী ডিওএইচএস এলাকার পার্কের ভিতর খেলার মাঠে ভিটি বালু ফিলিংকরণ কাজ। | ৩,৯৩,৭৪০/- | মেসার্স শাহীদুল ইসলাম এন্ড কোং | ৪,১১,৪৫৮/৩০ | সংশ্লিষ্ট ডিওএইচএস তহবিল/ বোর্ডের স্থানীয় আয় |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১৫। | মহাখালী ডিওএইচএস এলাকার ১০ ও ১১ নং রোডের মাঝে তিনকোনা পার্কের ওয়াল ঘষে রংকরণ ও ১২ নং রোডের মাথায় লেকে প্রবেশ রাস্তায় পুরাতন গ্রীল মেরামত ও রংকরণ এবং ডিওএইচএস পার্কের দেয়াল ঢালাই, আস্তর, গ্রীল মেরামত, ফ্লাটবার স্থাপন, খাড়া রড সংযোজন কাজ। | ৫৩,৫৬৫/- | মেসার্স এমএইচ এন্টারপ্রাইজ | ৫৬,১৭৮/৯৭ | সংশ্লিষ্ট ডিওএইচএস তহবিল/ বোর্ডের স্থানীয় আয় |

গৃহীত সিদ্ধান্ত ঃ Tender Evaluaiton Committee এর মতামতসহ বিস্তারিত পর্যালোচনান্তে উপরোল্লিখিত কাজের দরসমূহ অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। ক্রমিক নং-১, ২, ৩, ৪, ৫, ৬, ৮, ১০ ও ১১ এ উল্লেখিত প্রকল্পের কার্যাদেশ প্রদানপূর্বক পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক। অবশিষ্ট প্রকল্পগুলির ব্যয়ের অনুমোদনসহ চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে কাগজাদি প্রেরণ করা হোক। উল্লেখ্য যে, ক্রমিক নং-১, ২, ৩ ও ৪ এ উল্লেখিত প্রকল্পগুলি সভাপতি, ক্যান্টনমেন্ট বোর্ড, সিইও ও নির্বাহী প্রকৌশলীকে নিয়ে পরিদর্শন করবেন।

আলোচ্যসূচী-২০ঃ শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুলের ভিতরের মাঠের দক্ষিণ পার্শ্বের পুরাতন একতলা ভবন ভাঙ্গা প্রসংগে।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টি পরবর্তী সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-২১ঃ মিরপুর ডিওএইচএস এলাকার ১১৬১ নং প্লটের সংশোধিত পাইল লে-আউট প্ল্যান অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর বিস্তারিত আলোচনান্তে সেনাসদর, কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তরের ২৭ মে ২০১৫ তারিখের ২৩.০১.৯০১.০৪৪.০২. ০৭১.২৭.০৫.১৫.প্লট-১১৬১ নং পত্রের প্রেক্ষিতে এবং বোর্ডের নির্বাহী প্রকৌশলীর বক্তব্যের আলোকে মিরপুর ডিওএইচএস এর ১১৬১ নং প্লটের সংশোধিত নকশা অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-২২ঃ সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতাল ব্যবস্থাপনা কমিটির গত ১৫ এপ্রিল, ২০১৫ তারিখে অনুষ্ঠিত সভার আলোচ্যসূচী-৬, ৭, ৮ ও ১২ এর মাধ্যমে গৃহীত সিদ্ধান্তের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হলো ঃ-

(ক) সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতাল ব্যবস্থাপনা কমিটির গত ১৫ এপ্রিল, ২০১৫ তারিখে অনুষ্ঠিত সভার আলোচ্যসূচী-৬, ৭, ৮ ও ১২ এর মাধ্যমে গৃহীত সিদ্ধান্তের আলোকে বিধি মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হলো।

(খ) ১২ জুন, ২০১৫ তারিখ পরীক্ষা গ্রহণের প্রাথমিক দিন ধার্য থাকলেও ঐ দিন সদর দপ্তর, লজিস্টিকস এরিয়া কর্তৃক সকল প্রতিষ্ঠান ব্যস্ত থাকায় সুবিধাজনক সময়ে হাসপাতালের লোকবল নিয়োগের নিমিত্তে দ্রুত নিয়োগ পরীক্ষা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হলো। ০

(গ) ভবিষ্যতে হাসপাতালের পরিচালক (প্রশাসন) ও চীফ মেডিক্যাল অফিসার এর ছুটি অনুমোদনের পূর্বে প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ডের অনুমোদন গ্রহণ করতে হবে।

(ঘ) এছাড়াও উক্ত সভায় গৃহীত অন্যান্য সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করতে হবে।

আলোচ্যসূচী-২৩ঃ শহীদ ইউসুফ রোড এলাকার সকল ইউনিট এবং আবাসিক এলাকা, স্বাধীনতা সরণি এলাকা, রজনীগন্ধা অফিসার্স কোয়ার্টার এলাকা, সেনাপল্লী ও ট্রাস্ট মিলনায়তন এলাকার ময়লা/আবর্জনা সংগ্রহ এবং অপসারণ কাজে নিয়োজিত কঞ্জারভেন্সী ট্রাক নম্বর ১১-১১২৭ বিভিন্ন যন্ত্রাংশ দ্বারা মেরামতের নিমিত্তে ৯৪,৩২০/-টাকা ব্যয়ের অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে কঞ্জারভেন্সী ট্রাক নম্বর ১১-১১২৭ বিভিন্ন যন্ত্রাংশ দ্বারা মেরামতের নিমিত্তে ৯৪,৩২০/-টাকা ব্যয়ের অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। দরপত্র আহ্বান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক।

আলোচ্যসূচী-২৪ঃ ঢাকা সেনানিবাসের বিভিন্ন এলাকায় কঞ্জারভেন্সী কাজে নিয়োজিত ১৩টি ট্রাক ও একটি মাইক্রোবাসের জন্য বিভিন্ন সাইজের ২৯টি টায়ার ক্রয়ের নিমিত্তে ৪,৮৫,০০০/- টাকার মূল্যানুমান অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ রহিম আফরোজ হতে সরাসরি ক্রয়ের অগ্রাধিকার দিয়ে বিধি মোতাবেক ১৩টি কঞ্জারভেন্সী ট্রাক ও ১টি মাইক্রোবাসের জন্য ২৯টি টায়ার ক্রয়ের নিমিত্তে ৪,৮৫,০০০/- টাকা ব্যয়ের অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। দরপত্র আহ্বান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক।

আলোচ্যসূচী-২৫ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের মাইক্রোবাস (ঢাকা মেট্রো-চ-৫১-৫৬১০) এর এয়ার কন্ডিশনার মেরামতের নিমিত্তে ১৫,০০০/- (পঁনের হাজার) টাকা ব্যয়ের অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের মাইক্রোবাস (ঢাকা মেট্রো-চ-৫১-৫৬১০) এর এয়ার কন্ডিশনার মেরামতের নিমিত্তে ১৫,০০০/- (পঁনের হাজার) টাকা ব্যয়ের অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। দরপত্র আহ্বান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক।

২৬ বিবিধ-১ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ফটোকপিয়ার (টোশিবা ই-স্টুডিও-২৩৭) এর ড্রাম ইউনিট ও ডেভলোপার সেট পরিবর্তন বাবদ ১৯,০০০/- টাকা ব্যয়ের অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ফটোকপিয়ার (টোশিবা ই-স্টুডিও-২৩৭) এর ড্রাম ইউনিট ও ডেভলোপার সেট পরিবর্তন বাবদ ১৯,০০০/- টাকা ব্যয়ের অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। দরপত্র আহ্বান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক।

২৬ বিবিধ-২ঃ বাসা নং-১৭৪, সড়ক নং- ইষ্টার্ণ-২, মহাখালী ডিওএইএস এর কতিপয় ফ্ল্যাটের রেজিস্ট্রেশন প্রসংগে স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসের ২৭ মে, ২০১৫ তারিখের ৬০৫/১/এ নং পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টি সামরিক ভূ-সম্পত্তি প্রশাসন দপ্তরের আওতাধীন বিধায় সামরিক ভূ-সম্পত্তি প্রশাসন দপ্তর, কেন্দ্রীয় সার্কেল, ঢাকা সেনানিবাসে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

২৬ বিবিধ-৩ঃ গত ০৯ এপ্রিল, ২০১৫ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-২(ঙ) এর সিদ্ধান্তের অনুবৃত্তিক্রমে রজনীগন্ধা সুপার মার্কেটের উত্তর-পূর্ব দিকে ট্রাক স্ট্যান্ড ইজারা প্রদান প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ আপাততঃ উক্ত স্থানটি ইজারা প্রদান না করার সিদ্ধান্ত গৃহীত হলো।

২৬ বিবিধ-৪ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের Responsive Tender অনুমোদন প্রসংগে ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | অনুমোদিত মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস ২০১২ মোতাবেক (টাকা) | Responsive Tenderer | উদ্ধৃত দর (টাকা) | ব্যয়ের খাত |
|---|---|---|---|---|---|
| ১। | হাই প্রেসার সোডিয়াম লাইট মেরামত কাজে ব্যবহৃত এসকে ফোল্ডিং মেরামত কাজ। | ২৭,৭২৫/- | মেসার্স সাকিব এন্টারপ্রাইজ | ২৮,৫৫৬/- | বিদ্যুৎ শাখার মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |

গৃহীত সিদ্ধান্ত ঃ Tender Evaluaiton Committee এর মতামতসহ বিস্তারিত পর্যালোচনান্তে উপরোল্লিখিত কাজের দর অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। কার্যাদেশ প্রদানপূর্বক পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক।

২৬ বিবিধ-৫ঃ ঢাকা সেনানিবাসস্থ ডিওএইচএস বনানী, মহাখালী, বারিধারা, মিরপুর ও সেনানিবাস বর্ধিত এলাকায় বাড়ী নির্মাণের নিমিত্তে নিম্নোক্ত নকশাসমূহ অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্র/নং | প্লট মালিকের নাম | প্লট নম্বর | ঠিকানা | এমইও'র ছাড়পত্রের তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১। | লেঃ কর্ণেল মোঃ সেকেন্দার আলম তালুকদার (অবঃ) | ৯১৬ | মিরপুর ডিওএইচএস | | নতুন ০৭ তলা ভবন |
| ২। | লেঃ কর্ণেল এ কে এম নাজিমুল ইসলাম (অবঃ) | ৯৮২ | মিরপুর ডিওএইচএস | | নতুন ০৭ তলা ভবন |
| ৩। | মেজর (অবঃ) মুন্সি আহসানুর রহমান | ৯৮৮ | মিরপুর ডিওএইচএস | | নতুন ০৭ তলা ভবন |

গৃহীত সিদ্ধান্ত ঃ নকশাগুলো অত্র দপ্তরের প্রকৌশলী কর্তৃক যাচাই করা হয়েছে। ক্যান্টনমেন্ট বিল্ডিং বাই-লজ অনুযায়ী Set back ঠিক আছে। স্ট্রাকচারাল ডিজাইনের ব্যাপারে ডিজাইন ইঞ্জিনিয়ার প্রত্যয়ন দিয়েছেন। বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হলো ঃ-

(গ) Land point of view-তে ডিওএইচএস এলাকার জন্য এমইও, কেন্দ্রীয় সার্কেল এবং অন্যান্য ক্ষেত্রে বোর্ডের রাজস্ব শাখার ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে ক্রমিক নং-১, ২ ও ৩ এ বর্ণিত ৩টি প্লটে ০৭(সাত) তলা নতুন ভবন নির্মাণের নকশা অনুমোদন করা হলো।

উল্লেখ্য যে, প্রযোজ্য সকল ক্ষেত্রে যথারীতি রাস্তার ক্ষতিপূরণ পরিশোধ করতে হবে এবং নির্মাণকারী প্রতিষ্ঠান কর্তৃক বাড়ী নির্মিত হলে ক্যান্টনমেন্ট বোর্ডের তালিকাভুক্তিসহ জামানতের টাকা পরিশোধ করতে হবে। প্লট মালিক কর্তৃক বাড়ী নির্মাণের ক্ষেত্রে তিনি এ মর্মে অঙ্গীকারনামা দিবেন যে, তাঁর প্লটে কোন নির্মাণকারী প্রতিষ্ঠান চুক্তিবদ্ধ হয়ে কাজ করছেন মর্মে প্রমাণিত হলে সকল প্রকার ক্ষতিপূরণ তিনি দিতে বাধ্য থাকবেন এবং ক্যান্টনমেন্ট বোর্ড প্রয়োজনীয় ক্ষতিপূরণ না পেলে অনুমোদিত নকশা স্থগিতসহ প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করলে তিনি তা মেনে নিতে বাধ্য থাকবেন।

২৬ বিবিধ-৬ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের পুরাতন অকেজো মালামাল নিলামে বিক্রয়ের জন্য মেসার্স আমিন এন্ড ব্রাদার্স কর্তৃক দাখিলকৃত সর্বোচ্চ ৫,০৬,৬৬৬/- টাকার দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ নিলামকৃত দ্রব্যাদির তালিকা ও এমআরপিসহ স্বয়ং সম্পূর্ণ প্রস্তাব আগামী বোর্ডসভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হলো।

২৬ বিবিধ-৭ঃ মহাখালী ডিওএইচএস এলাকার মাজার সংলগ্ন স্থানে ক্যান্টনমেন্ট বোর্ড নির্মিত পার্কের চতুর্দিকে বিশেষ ধরনের পোল দ্বারা এলইডি লাইট স্থাপনের নিমিত্তে ২১,০৫,২৪০/- টাকার মূল্যানুমান অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ মহাখালী ডিওএইচএস এলাকার মাজার সংলগ্ন স্থানে ক্যান্টনমেন্ট বোর্ড নির্মিত পার্কের চতুর্দিকে বিশেষ ধরনের পোল দ্বারা এলইডি লাইট স্থাপনের নিমিত্তে ২১,০৫,২৪০/- টাকার মূল্যানুমান অত্র সভার আলোচ্যসূচী-১৮ এর গৃহীত সিদ্ধান্তের আলোকে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত কাজের যাবতীয় ব্যয় মহাখালী ডিওএইচএস বিবিধ তহবিল হতে সংকুলান করতে হবে। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হোক।

অন্য কোন আলোচ্যসূচী না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

সংযুক্ত ঃ পরিশিষ্ট-ক।

০১.০৮.২০১৫

*( মোঃ রেজাউল ইসলাম )*
উপসচিব
সেক্রেটারী, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার
ঢাকা ক্যান্টনমেন্ট।

১/৮/২০১৫

*(ব্রিগেডিয়ার জেনারেল মোঃ নুরুল মোমেন খান, এনডিসি, পিএসসি)*
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
স্টেশন কমান্ডার
ঢাকা সেনানিবাস।